দৈনিক সংবাদ

4

তারিখ 0 2 JUL 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2

# এইচ এস সি পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদে কুষ্টিয়ায় প্রতীক অনশন

কুষ্টিয়া, ১লা জুলাই (নিজস্ব সংবাদদাতার তার)।–আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদে আজ এ জেলার কলেজের ছাত্রছাত্রীরা বিক্ষোভ ও প্রতীক অনশন ধর্মঘট করে। ইসলামিয়া কলেজ, কুষ্টিয়া সরকারী কলেজ ও মহিলা কলেজের ছাত্রছাত্রীরা স্থানীয় প্রেসক্লাবের সামনে সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত অনশন করে। আমলা ও মীরপুর কলেজের ছাত্ররা সকাল ১০টায় মিছিল করে এবং এখান থেকে

(শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## কুষ্টিয়ায় প্রতীক অনশন

(১ম পাতার পর)

৮ মাইল দূরে মীরপুরে রেল ও সড়ক যোগাযোগ বন্ধ করার জন্য ব্যারিকেড তৈরী করে।

পুরনো কেন্দ্রে পরীক্ষা নেয়ার ব্যবস্থা না করা হলে ৭ই জুলাই জেলায় পূর্ণ দিবস হরতাল পালন করা হবে বলে ছাত্র নেতৃবৃন্দ জানায়। আগামী ১২ই জুলাই থেকে এ পরীক্ষা শুরু হচ্ছে।

পুলিশ রেলপথ ও সড়ক যোগাযোগ ব্যাহত হবার আগেই ব্যারিকেড সরিয়ে ফেলে।

জেলা প্রশাসকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, পরীক্ষায় নকল বন্ধ করার জন্যই কেন্দ্র পরিবর্তন করা হয়েছে। বিবেকবান মানুষ এ পদক্ষেপের প্রশংসা করেছে। পরীক্ষা কেন্দ্র পুনঃ পরিবর্তনের কোন ইচ্ছা প্রশাসনের নেই বলে তিনি মত প্রকাশ করেন।

ইতিমধ্যেই ইসলামিয়া কলেজের অধ্যক্ষ বেশ কয়েকজন অধ্যাপককে সঙ্গে নিয়ে অনশনরত ছাত্রছাত্রীদের শিক্ষার সুষ্ঠু পরিবেশ বহাল রাখার স্বার্থে অনশন ধর্মঘট প্রত্যাহারের আহ্বান জানান।